


দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক




মঙ্গলবার | ৮ অক্টোবর ২০২৪ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৫তম বর্ষ ৩৩ সংখ্যা | ২৩ আশ্বিন ১৪৩১ সাল | ৪ রবিউস সানি ১৪৪৬ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা




*প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ওরিয়েন্টেশনে বক্তব্য রাখছেন উপাচার্য ড. অনুপম সেন*

## প্রিমিয়ার ভার্সিটিতে ওরিয়েন্টেশনে ড. অনুপম সেন

# বিজ্ঞান ও প্রযুক্তির বিপ্লব বিশ্বকে আমূল বদলে দিয়েছে

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে গত ৬ অক্টোবর কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের ৪৬তম ব্যাচের নবীন শিক্ষার্থীদের বরণ করে নিতে আয়োজন করা হয় একটি বর্ণাঢ্য ওরিয়েন্টেশন প্রোগ্রাম। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। তিনি আধুনিক বিশ্বে বিজ্ঞানের বিকাশ এবং প্রযুক্তির অগ্রগতি সম্পর্কে আলোচনা করেন। তিনি আরও বলেন, বিজ্ঞান ও প্রযুক্তির বিপ্লব বিশ্বকে আমূল বদলে দিয়েছে। শিল্পবিপ্লবের ধারাবাহিকতায় প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় শিল্পবিপ্লবের মাধ্যমে বিশ্বব্যবস্থা সম্পূর্ণ পাল্টে গেছে। আগে বিজ্ঞান ধীর গতিতে এগিয়ে গেলেও বর্তমানে বিজ্ঞান দ্রুতগতিতে বিস্ময়করভাবে বিকশিত হচ্ছে। ভবিষ্যৎ বিশ্বে টিকে থাকতে হলে এবং অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হলে বিজ্ঞান ও প্রযুক্তির সঠিক ব্যবহার এবং চর্চা অত্যন্ত জরুরি। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, প্রফেসর ড. তৌফিক সাঈদ। সভাপতির বক্তব্যে প্রফেসর ড. সাহীদ মো. আসিফ ইকবাল শিক্ষার্থীদেরকে কেবল একাডেমিক শিক্ষায় নয়, পাশাপাশি কো-কারিকুলার এবং এক্সট্রা কারিকুলার কার্যক্রমে অংশ নেওয়ার কথা উল্লেখ করেন। বিভাগের সহকারী অধ্যাপক ফারহানা শিরিন চৌধুরী ইভ টিজিং প্রিভেনশন কমিটির পক্ষে ছাত্রীদের ইভ টিজিং ও সেক্সুয়াল হেরাসমেন্ট-এর বিরুদ্ধে সচেতনতা বাড়ানোর এবং প্রতিরোধমূলক ভূমিকা পালনের আহ্বান জানান। বিভাগের প্রভাষক আসিফ মো. সাদ, নাদিম বিন হোসাইন ও তাহসিন হোসাইন একটি প্রেজেন্টেশন-এর মাধ্যমে বিভাগের পরিচিতি ও কারিকুলাম সম্পর্কে নবাগত ছাত্র-ছাত্রীদের ধারণা প্রদান করেন। বিভাগের দুইজন বর্তমান শিক্ষার্থী বিভাগ সম্পর্কে তাদের অভিজ্ঞতা নবীনদের জানান। নবীনদের মধ্যে কয়েকজন তাদের অনুভূতি বর্ণনা করেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিভাগের প্রভাষক শ্রেয়সী পাল। উপস্থিত ছিলেন বিভাগের শিক্ষক সহকারী অধ্যাপক আসমা জোসিতা তৃষা, নুসরাত জাহান শিরীন, প্রভাষক সাবরিনা তারান্নুম, নিয়ামুল হক, অভিষেক দাশ ও মো. রেজাউল রহমান চৌধুরী। ৪৬তম ব্যাচের প্রায় ৩৫০ জন নবীন শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন, যা নতুন শিক্ষার্থীদের জন্য তাদের বিশ্ববিদ্যালয়জীবনের এক গুরুত্বপূর্ণ অধ্যায়ের সূচনা হিসেবে স্মরণীয় হয়ে থাকবে। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 08 October 2024, Page: 3, Col: 4
https://edainikazadi.net/index.php?page=1&date=2024-10-8

চট্টগ্রাম মঙ্গলবার ৮ অক্টোবর ২০২৪

দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক দৈনিকের স্বীকৃতিপ্রাপ্ত

৩৯তম বর্ষ ২২৫তম সংখ্যা ।। ২৩ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ ।। ৪ রবিউস সানি ১৪৪৬ হিজরি ।। Tuesday 8 October 2024

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

*প্রিমিয়ার ভার্সিটিতে ওরিয়েন্টেশন প্রোগ্রামে ড. অনুপম সেন*

# বিজ্ঞান ও প্রযুক্তির বিপ্লব বিশ্বকে আমূল বদলে দিয়েছে

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে গত রবিবার কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের ৪৬তম ব্যাচের নবীন শিক্ষার্থীদের বরণ করে নিতে আয়োজন করা হয় একটি বর্ণাঢ্য ওরিয়েন্টেশন প্রোগ্রাম। সকাল ১০টায় শুরু হওয়া এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। তাঁর বিশ্লেষণধর্মী বক্তব্যে তিনি আধুনিক বিশ্বে বিজ্ঞানের বিকাশ এবং প্রযুক্তির অগ্রগতি সম্পর্কে আলোচনা করেন।

প্রফেসর ড. অনুপম সেন তাঁর বক্তব্যে বলেন, বিজ্ঞান ও প্রযুক্তির বিপ্লব বিশ্বকে আমূল বদলে দিয়েছে। শিল্পবিপ্লবের ধারাবাহিকতায় প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় শিল্পবিপ্লবের মাধ্যমে বিশ্বব্যবস্থা সম্পূর্ণ পাল্টে গেছে। তিনি নবীন শিক্ষার্থীদের বিশেষ অনুপ্রেরণা দিয়ে বলেন, তোমরা আগামী দিনের প্রজন্ম, কম্পিউটার সায়েন্স ভবিষ্যতের অগ্রগতিতে মুখ্য ভূমিকা রাখবে। সেই গুরুত্বপূর্ণ পরিবর্তনের অংশ হতে তোমাদের তৈরি থাকতে হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা ও ট্রেজারার এবং প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ। প্রফেসর ড. কাজী শামীম সুলতানা নবীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, বিশ্ববিদ্যালয়জীবন শুরু করাটা সবসময়েই একটি গুরুত্বপূর্ণ মোড়। স্কুল-কলেজের শিক্ষাজীবন থেকে এখানে অনেক পার্থক্য রয়েছে। তোমরা এখানে শুধুমাত্র শিক্ষার্থী হিসেবে নয়, বিশ্বজ্ঞান অর্জনের জন্য এসেছো। এখানে তোমাদের আত্মবিকাশের অসীম সুযোগ রয়েছে, যা তোমাদের ভবিষ্যৎ গঠনে সহায়তা করবে।

বিভাগের সহকারী অধ্যাপক ফারহানা শিরিন চৌধুরী ইভ টিজিং প্রিভেনশন কমিটির পক্ষে ছাত্রীদের ইভ টিজিং ও সেক্সুয়াল হেরাসমেন্ট-এর বিরুদ্ধে সচেতনতা বাড়ানোর এবং প্রতিরোধমূলক ভূমিকা পালনের আহ্বান জানান। বিভাগের সহকারী অধ্যাপক কিংশুক ধর প্রক্টোরিয়াল বডির পক্ষ হতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন নিয়ম কানুন তুলে ধরেন এবং বিশ্ববিদ্যালয়ের আইন ও শৃঙ্খলার প্রতি সম্মান জানিয়ে এবং নিজেদের দায়িত্বশীল আচরণের মাধ্যমে শিক্ষাজীবন শেষ করার আহ্বান জানান। বিভাগের প্রভাষক আসিফ মো. সাদ, নাদিম বিন হোসাইন ও তাহসিন হোসাইন একটি প্রেজেন্টেশন-এর মাধ্যমে বিভাগের পরিচিতি ও কারিকুলাম সম্পর্কে নবাগত ছাত্র-ছাত্রীদের ধারণা প্রদান করেন। বিভাগের দুইজন বর্তমান শিক্ষার্থী বিভাগ সম্পর্কে তাদের অভিজ্ঞতা নবীনদের জানান।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিভাগের প্রভাষক শ্রেয়সী পাল। উপস্থিত ছিলেন বিভাগের শিক্ষক সহকারী অধ্যাপক আসমা জোসিতা তৃষা, নুসরাত জাহান শিরীন, প্রভাষক সাবরিনা তারান্নুম, নিয়ামুল হক, অভিষেক দাশ ও মো. রেজাউল রহমান চৌধুরী। ৪৬তম ব্যাচের প্রায় ৩৫০ জন নবীন শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন, যা নতুন শিক্ষার্থীদের জন্য তাদের বিশ্ববিদ্যালয়জীবনের এক গুরুত্বপূর্ণ অধ্যায়ের সূচনা হিসেবে স্মরণীয় হয়ে থাকবে।-বিজ্ঞপ্তি



*প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের বর্ণাঢ্য ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তব্য রাখছেন উপাচার্য ড. অনুপম সেন*

Ref: Daily Purbokone, Date: 08 October 2024, Page: 3, Col: 4
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2024-10-8

আস্থার মহযোগে চট্টগ্রামের সবিশেষ ১ যুগে পূর্বদেশ

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

মঙ্গলবার
চট্টগ্রাম
৮ অক্টোবর ২০২৪
২৩ আশ্বিন ১৪৩১
৪ রবিউস সানি ১৪৪৬
বর্ষ-১২, সংখ্যা-২৮৪

www.dailypurbodesh.com | প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মাস্টার নজির আহমদ | ৮ পৃষ্ঠা | ৭ টাকা

কাস্টমসে দুর্নীতির কারণে সাধারণ ব্যবসায়ীরা ক্ষতিগ্রস্ত | ৩
পাহাড়ে মৃত্যুঝুঁকি এড়াতে স্থায়ী পদক্ষেপ নিতে হবে | ৪
ইসরায়েলে রকেট হামলা চালাল হিজবুল্লাহ, আহত ১০ | ৬
ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষায়ও মিলছে না চিকিৎসাসেবা | ৮



প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তব্য দেন উপাচার্য ড. অনুপম সেন

## প্রিমিয়ার ভার্সিটির সিএসই বিভাগের ওরিয়েন্টেশন

# বিজ্ঞান ও প্রযুক্তির বিপ্লব বিশ্বকে বদলে দিয়েছে : ড. অনুপম সেন

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের ৪৬তম ব্যাচের নবীন শিক্ষার্থীদের বরণ করে নিতে ৬ অক্টোবর আয়োজন করা হয় একটি বর্ণাঢ্য ওরিয়েন্টেশন প্রোগ্রাম। সকাল ১০টায় শুরু হওয়া এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। তাঁর বিশ্লেষণধর্মী বক্তব্যে তিনি আধুনিক বিশ্বে বিজ্ঞানের বিকাশ এবং প্রযুক্তির অগ্রগতি সম্পর্কে আলোচনা করেন। প্রফেসর ড. অনুপম সেন বলেন, বিজ্ঞান ও প্রযুক্তির বিপ্লব বিশ্বকে আমূল বদলে দিয়েছে। শিল্পবিপ্লবের ধারাবাহিকতায় প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় শিল্পবিপ্লবের মাধ্যমে বিশ্বব্যবস্থা সম্পূর্ণ পাল্টে গেছে। আগে বিজ্ঞান ধীর গতিতে এগিয়ে গেলেও বর্তমানে বিজ্ঞান দ্রুতগতিতে বিস্ময়করভাবে বিকশিত হচ্ছে। ভবিষ্যৎ বিশ্বে টিকে থাকতে হলে এবং অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হলে বিজ্ঞান ও প্রযুক্তির সঠিক ব্যবহার এবং চর্চা অত্যন্ত জরুরি। তিনি নবীন শিক্ষার্থীদের বিশেষ অনুপ্রেরণা দিয়ে বলেন, তোমরা আগামী দিনের প্রজন্ম, কম্পিউটার সায়েন্স ভবিষ্যতের অগ্রগতিতে মুখ্য ভূমিকা রাখবে। সেই গুরুত্বপূর্ণ পরিবর্তনের অংশ হতে তোমাদের তৈরি থাকতে হবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা ও ট্রেজারার এবং প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ। প্রফেসর ড. কাজী শামীম সুলতানা নবীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, বিশ্ববিদ্যালয় জীবন শুরু করাটা সবসময়েই একটি গুরুত্বপূর্ণ মোড়। স্কুল-কলেজের শিক্ষাজীবন থেকে এখানে অনেক পার্থক্য রয়েছে। তোমরা এখানে শুধুমাত্র শিক্ষার্থী হিসেবে নয়, বিশ্বজ্ঞান অর্জনের জন্য এসেছো। এখানে তোমাদের আত্মবিকাশের অসীম সুযোগ রয়েছে, যা তোমাদের ভবিষ্যৎ গঠনে সহায়তা করবে। তিনি আরও বলেন, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং পড়তে হলে গণিত, যুক্তি এবং পদার্থবিদ্যায় দক্ষতা অর্জন করতে হবে, কারণ এগুলো এই বিষয়ের ভিত্তি হিসেবে কাজ করে। প্রফেসর ড. তৌফিক সাঈদ শিক্ষার্থীদের কঠোর অধ্যবসায়ের মাধ্যমে নিজেদের সফলতার পথে নিয়ে যাওয়ার কথা বলেন। সভাপতির বক্তব্যে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. সাহীদ মো. আসিফ ইকবাল শিক্ষার্থীদেরকে কেবল একাডেমিক শিক্ষায় নয়, পাশাপাশি কো-কারিকুলার এবং এক্সট্রা কারিকুলার কার্যক্রমে অংশ নেওয়ার কথা উল্লেখ করেন।

বিভাগের সহকারী অধ্যাপক ফারহানা শিরিন চৌধুরী ইভটিজিং প্রিভেনশন কমিটির পক্ষে ছাত্রীদের ইভ টিজিং ও সেক্সুয়াল হেরাসমেন্ট-এর বিরুদ্ধে সচেতনতা বাড়ানোর এবং প্রতিরোধমূলক ভূমিকা পালনের আহ্বান জানান। বিভাগের সহকারী অধ্যাপক কিংশুক ধর প্রক্টোরিয়াল বডির পক্ষ হতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন নিয়ম কানুন তুলে ধরেন।

বিভাগের প্রভাষক আসিফ মো. সাদ, নাদিম বিন হোসাইন ও তাহসিন হোসাইন একটি প্রেজেন্টেশন এর মাধ্যমে বিভাগের পরিচিতি ও কারিকুলাম সম্পর্কে নবাগত ছাত্র-ছাত্রীদের ধারণা প্রদান করেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিভাগের প্রভাষক শ্রেয়সী পাল। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিভাগের শিক্ষক সহকারী অধ্যাপক আসমা জোসিতা তৃষা, নুসরাত জাহান শিরীন, প্রভাষক সাবরিনা তারান্নুম, নিয়ামুল হক, অভিষেক দাশ ও মো. রেজাউল রহমান চৌধুরী। ৪৬তম ব্যাচের প্রায় ৩৫০ জন নবীন শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন, যা নতুন শিক্ষার্থীদের জন্য তাদের বিশ্ববিদ্যালয় জীবনের এক গুরুত্বপূর্ণ অধ্যায়ের সূচনা হিসেবে স্মরণীয় হয়ে থাকবে। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 08 October 2024, Page: 2, Col: 7
https://epurbodesh.com/index.php?page=1&date=2024-10-8

চট্টগ্রাম • মঙ্গলবার • ৮ অক্টোবর ২০২৪ • ২৩ আশ্বিন ১৪৩১ • ৫ রবিউস সানি ১৪৪৬ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ২১ সংখ্যা ৫২

২১ বছরে সুপ্রভাত

সত্যিটা প্রভাত থেকে সুপ্রভাত

সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ চিনি বাজার নিয়ন্ত্রণে শুল্ক কমানোর সুপারিশ

৫ প্লাস্টিকের টেকসই ব্যবহারে গণসচেতনতা জরুরি

৬ দক্ষতায় বিরাট ঘাটতি দেখছেন শান্ত



বেড়িবাঁধ ভাঙে কেন জবাব দেবে কে

উপকূলীয় এলাকার বাসিন্দারা বছরের অধিকাংশ সময়ই বৈরী প্রকৃতির সঙ্গে এক ধরনের লড়াই করে টিকে থাকে।

বিস্তারিত ▶ পৃষ্ঠা : ২



প্রিমিয়ার ইউনিভার্সিটির ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তব্য রাখছেন উপাচার্য ড. অনুপম সেন

# প্রযুক্তির বিপ্লব বিশ্বকে আমূল বদলে দিয়েছে : ড. অনুপম সেন

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে গতকাল কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের ৪৬তম ব্যাচের নবীন শিক্ষার্থীদের বরণ করে নিতে আয়োজন করা হয় একটি বর্ণাঢ্য ওরিয়েন্টেশন প্রোগ্রাম।

সকাল ১০টায় শুরু হওয়া এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী প্রফেসর ড. অনুপম সেন।

প্রফেসর ড. অনুপম সেন বলেন, বিজ্ঞান ও প্রযুক্তির বিপ্লব বিশ্বকে আমূল বদলে দিয়েছে। শিল্পবিপ্লবের ধারাবাহিকতায় প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় শিল্পবিপ্লবের মাধ্যমে বিশ্বব্যবস্থা সম্পূর্ণ পাল্টে গেছে। আগে বিজ্ঞান ধীর গতিতে এগিয়ে গেলেও বর্তমানে বিজ্ঞান দ্রুতগতিতে বিস্ময়করভাবে বিকশিত হচ্ছে। ভবিষ্যৎ বিশ্বে টিকে থাকতে হলে এবং অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হলে বিজ্ঞান ও প্রযুক্তির সঠিক ব্যবহার এবং চর্চা অত্যন্ত জরুরি। তিনি নবীন শিক্ষার্থীদের বিশেষ অনুপ্রেরণা দিয়ে বলেন, তোমরা আগামী দিনের প্রজন্ম, কম্পিউটার সায়েন্স ভবিষ্যতের অগ্রগতিতে মুখ্য ভূমিকা রাখবে।

**প্রিমিয়ার ইউনিভার্সিটি কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ওরিয়েন্টেশন**

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা ও ট্রেজারার এবং প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ।

প্রফেসর ড. কাজী শামীম সুলতানা নবীন শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, বিশ্ববিদ্যালয়জীবন শুরু করাটা সবসময়েই একটি গুরুত্বপূর্ণ মোড়।

স্কুল-কলেজের শিক্ষাজীবন থেকে এখানে অনেক পার্থক্য রয়েছে। তোমরা এখানে শুধুমাত্র শিক্ষার্থী হিসেবে নয়, বিশ্বজ্ঞান অর্জনের জন্য এসেছো। এখানে তোমাদের আত্মবিকাশের অসীম সুযোগ রয়েছে, যা তোমাদের ভবিষ্যৎ গঠনে সহায়তা করবে। তিনি আরও বলেন, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং পড়তে হলে গণিত, যুক্তি এবং পদার্থবিদ্যায় দক্ষতা অর্জন করতে হবে, কারণ এগুলো এই বিষয়ের ভিত্তি হিসেবে কাজ করে।

প্রফেসর ড. তৌফিক সাঈদ বলেন, নবীন শিক্ষার্থীদের জন্য বিশ্ববিদ্যালয়ের চার বছর হলো একটি সংগ্রামী রাতের মতো। এই সময়ের মধ্যে তোমাদের কঠোর পরিশ্রম এবং দৃঢ় মনোবল থাকতে হবে। যদি তুমি এই সংগ্রামী রাত ভালোভাবে কাটাতে পারো, তাহলে সুন্দর একটি সকালের মতো তোমার জীবনে সাফল্য আসবে।

সভাপতির বক্তব্যে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. সাহীদ মো. আসিফ ইকবাল শিক্ষার্থীদেরকে কেবল একাডেমিক শিক্ষায় নয়, পাশাপাশি কো-কারিকুলার এবং এক্সট্রা কারিকুলার কার্যক্রমে অংশ নেওয়ার কথা উল্লেখ করেন।

বিভাগের সহকারী অধ্যাপক কিংশুক ধর প্রক্টোরিয়াল বডির পক্ষ হতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন নিয়ম কানুন তুলে ধরেন এবং বিশ্ববিদ্যালয়ের আইন ও শৃঙ্খলার প্রতি সম্মান জানিয়ে এবং নিজেদের দায়িত্বশীল আচরণের মাধ্যমে শিক্ষাজীবন শেষ করার আহ্বান জানান।

বিভাগের প্রভাষক আসিফ মো. সাদ, নাদিম বিন হোসাইন ও তাহসিন হোসাইন একটি প্রেজেন্টেশনের মাধ্যমে বিভাগের পরিচিতি ও কারিকুলাম সম্পর্কে নবাগত ছাত্র-ছাত্রীদের ধারণা প্রদান করেন। বিভাগের দুইজন বর্তমান শিক্ষার্থী বিভাগ সম্পর্কে তাদের অভিজ্ঞতা নবীনদের জানান। নবীনদের মধ্যে কয়েকজন তাদের অনুভূতি বর্ণনা করেন। সঞ্চালনা করেন বিভাগের প্রভাষক শ্রেয়সী পাল। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিভাগের শিক্ষক সহকারী অধ্যাপক আসমা জোসিতা তৃষা, নুসরাত জাহান শিরীন, প্রভাষক সাবরিনা তারান্নুম, নিয়ামুল হক, অভিষেক দাশ ও মো. রেজাউল রহমান চৌধুরী। ৪৬তম ব্যাচের প্রায় ৩৫০ জন নবীন শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন, যা নতুন শিক্ষার্থীদের জন্য তাদের বিশ্ববিদ্যালয়জীবনের এক গুরুত্বপূর্ণ অধ্যায়ের সূচনা হিসেবে স্মরণীয় হয়ে থাকবে। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 08 October 2024, Page: 5, Col: 2

https://esuprobhat.com/index.php?page=1&date=2024-10-8